

তারিখ : নভেম্বর 22, 2016

**বিদ্যমান ₹ 500/- টাকা এবং ₹ 1000/- টাকা মূল্যমানের ব্যাংক নোটের আইনগত পেশযোগ্যতা প্রত্যাহার**

**বিনিময় সুবিধা – অপপ্রয়োগের বার্তা – সাধারণ জনগণের প্রতি সতর্কতা**

বিশেষভাবে উল্লেখিত ব্যাংক নোট (₹ 500/- টাকার এবং ₹ 1000/- টাকা মূল্যমানের পুরাতন ব্যাংক নোট) গুলিকে আইনগত পেশযোগ্য নোটে বিনিময় করার এবং এই নোট গুলিকে মোট অর্থের উর্দ্ধ সীমা বহির্ভূত পরিমাণে ব্যাংক অ্যাকাউন্টে জমা করার অনুমতি দেওয়া হয়েছে সাধারণ জনগণ যাদের কাছে ঘোষণার দিনে এই ধরনের নোট ছিল তাদের ওই নোটের মূল্য বিনিময়ের বা ওই টাকা ব্যাংক জমা দেওয়ার মাধ্যমে সুরক্ষিত করার জন্য।

সংবাদ পাওয়া গেছে যে কিছু সরল ব্যক্তি অন্য লোকের পক্ষে এই নোট বিনিময় করছেন ; এমনকি কিছু লোক অন্যদের সাহায্য করতে তাদের মজুত করা নগদ টাকা তার নিজের ব্যাংক অ্যাকাউন্টে জমা করছেন। এমনকি প্রধানমন্ত্রী জন ধন যোজনার অ্যাকাউন্টগুলিকেও এই কারণে ব্যবহার করা হচ্ছে।

সাধারণ জনগণকে সতর্ক করা হচ্ছে যে অননুমোদিত উপায়ে বিশেষভাবে উল্লেখিত ব্যাংক নোটের বিনিময় / লেনদেন একটি বে-আইনী এবং কঠোরভাবে শাস্তিযোগ্য কাজ।

**অল্পনা কিল্লাওয়াল**  
মুখ্য উপদেষ্টা (প্রিন্সিপাল অ্যাডভাইসার)

**প্রেস প্রকাশনী : 2016-2017/1283**

